



কালবৈশাখী ঝড়ে পীরগঞ্জের ডাসারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় বিধ্বস্ত হওয়ায় শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে পরীক্ষা দিচ্ছে

যুগান্তর

ঝড়ে বিদ্যালয় বিধ্বস্ত পীরগঞ্জে খোলা আকাশের নিচে পরীক্ষা

পীরগঞ্জ (রংপুর) প্রতিনিধি

পীরগঞ্জে কালবৈশাখী ঝড়ে ডাসারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি বিধ্বস্ত হওয়ায় দুই শতাধিক শিক্ষার্থী খোলা আকাশের নিচে পরীক্ষা দিচ্ছে।

সূত্র জানায়, উপজেলার বড়দরগা ইউনিয়নে ১৯৯১ সালে ডাসারপাড়া বেসরকারি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার পর ২০১০ সালে এমপিওভুক্ত ও ২০১৩ সালে সরকারিকরণ করা হয়। বিদ্যালয়টি প্রতিষ্ঠার পর থেকেই এর অফিসিয়াল কাছ ৩০০ গজ দূরে একটি ভাড়া নেয়া কক্ষে করা হচ্ছে। মঙ্গলবার রাতে উপজেলায় কালবৈশাখী ঝড়ে দুই ব্যক্তি নিহত, শত শত ঘরবাড়ি, শিক্ষা প্রতিষ্ঠান এবং হাজারও গাছপালাসহ বিদ্যুৎ

ব্যবস্থা বিধ্বস্ত হয়।

সোমবার দুপুরে ঝড়ে ক্ষতিগ্রস্ত বিদ্যালয়টিতে গিয়ে দেখা যায়, বিদ্যালয়টির শিক্ষার্থীরা বাড়ি থেকে মাদুর, মোটা কাপড় নিয়ে এসে মাটিতে বিছিয়ে ১ম শ্রেণীর ৬৭, ২য় শ্রেণীর ৪৫, ৩য় শ্রেণীর ৬৭, ৪র্থ শ্রেণীর ৩৮ ও ৫ম শ্রেণীর ৩৩ জন অংশ নেয়।

এ ব্যাপারে প্রধান শিক্ষক আকাব্বর হোসেন জানান— ২১ এপ্রিল থেকে ১ম সাময়িক পরীক্ষা শুরু হয়েছে। ঝড়ে কুলটি মাটির সঙ্গে মিশে যাওয়ায় শিক্ষার্থীরা খোলা আকাশের নিচেই পরীক্ষা দিচ্ছে। অর্থাৎ বিদ্যালয়টির টিনের চালা তৈরি করতে পারছি না।